

Rx বিশেষজ্ঞের চেম্বার থেকে



মেডিসিন সমস্যা

পরামর্শ দিয়েছেন

এ কে এম মুজিবুর রহমান

সহযোগী অধ্যাপক, মেডিসিন
শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ
হাসপাতাল

সমস্যা: ইসিজিতে আমার মায়ের (৫৪) হাটের সমস্যা ধরা পড়েছে। ইকো পরীক্ষায় কিছু ধরা না পড়ায় চিকিৎসক এনজিওগ্রাম করাতে বলছেন। এ অবস্থায় করণীয় কী?

শহীদুল্লাহ

বেগমগঞ্জ, নোয়াখালী

পরামর্শ: ইসিজিতে আপনার মায়ের হাটের যে সমস্যা ধরা পড়েছে, তাকে বলা হয় Ischemic heart disease। এতে হৃদযন্ত্রের রক্ত সরবরাহ কমে যায়।

এ অবস্থায় আপনার মায়ের একমাত্র পরীক্ষা এনজিওগ্রাম। এই পরীক্ষায় তাঁর হৃৎপিণ্ডের কোন ধমনিতে কতটুকু রক্ত আছে, তা ধরা পড়বে।

সমস্যা: আমার বয়স ৫৯ বছর। কিছুদিন আগে আমি ইসিজি করাই। এতে আমার সামান্য সমস্যা ধরা পড়ে।

এ কারণে চিকিৎসক আমাকে ইটিটি করতে বলেছেন। কিন্তু পায়ের ব্যথার কারণে পরীক্ষা করাতে পারছি না। এ অবস্থায় আমি কী করতে পারি, তা জানালে কৃতজ্ঞ থাকব।

মোহসিন আহম্মেদ

ভেদেরগঞ্জ, শরীয়তপুর

পরামর্শ: এ বয়সে ইসিজিতে যে ধরনের সমস্যা ধরা পড়ে, তা হলো হৃদযন্ত্রের রক্ত সরবরাহ কমে যাওয়া। এ অবস্থায় এনজিওগ্রামই একমাত্র নির্ভরযোগ্য পরীক্ষা। সুতরাং, এনজিওগ্রাম করে আপনি পরবর্তী সিদ্ধান্ত নিতে পারেন।

বর্ষায় ত্বকে ছত্রাকের আক্রমণ

এই বর্ষায় প্রকৃতি থাকে ভেজা ভেজা। বর্ষা ফুরালেই কড়া রোদ ওঠে। ঘামে ভেজে শরীর। এমন আবহাওয়া ফাণ্ডাস বা ছত্রাকের জন্য বড় অনুকূল। খুব সহজেই এ আবহাওয়ায় ছত্রাক মানুষের ত্বকে রোগ তৈরি করে। কিছু কিছু ছত্রাক আছে যারা স্বাভাবিক অবস্থায় কোনো ক্ষতি করে না। তবে অ্যান্টিবায়োটিকের অপব্যবহারে ছত্রাকরোধী প্রতিরোধ ক্ষমতা যখন কমে আসে তখন এ নিরীহ ছত্রাকও ক্ষতিকর হয়ে ওঠে। ছত্রাক এই সময়টায় সাধারণত বহিঃসংক্রমণ অর্থাৎ ত্বক, চুল, নখে সংক্রমণ ঘটায়। এ ছাড়া ত্বকের নিম্নস্থ সংক্রমণ ও দেহ অভ্যন্তরেও সংক্রমণ ঘটাতে পারে।

কেন এই ছত্রাকের আক্রমণ

- পরিষ্কার-পরিচ্ছন্নভাবে জীবনযাপন না করা।
- যাদের পা ঘামে, তারা যদি দীর্ঘ সময় জুতা-মোজা পরে থাকে।
- আক্রান্ত ব্যক্তি থেকে সহজেই সুস্থ দেহে সংক্রমণ ঘটাতে পারে।
- অল্প জায়গায় অধিক লোকের বসবাস হলে।
- ঘরে আলো-বাতাসের কমতি থাকলে।
- খালি পায়ে কাদা মাটি জলের সংস্পর্শে এলে ছত্রাক সংক্রমণের আশঙ্কা থাকে।

প্রতিরোধ হবে যেভাবে

- পরিষ্কার-পরিচ্ছন্ন থাকতে হবে সব সময়।
- ঘামে ভেজা শরীর মুছে ফেলতে হবে।
- দীর্ঘ সময় যাদের জুতা পরে থাকতে হয়, সময় পেলে ধুয়ে ফেলতে হবে পা।

ডা. সিদ্ধার্থ মজুমদার